

১০ জুলাই ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

মিরনজিলা হরিজন কলোনিতে স্থিতাবস্থা রক্ষা করতে হবে - আপীল বিভাগের নির্দেশনা

আজ আপীল বিভাগ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রতি মিরনজিলা হরিজন কলোনি (ওয়ার্ড নং ৩৩, বংশাল, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন) তে উচ্ছেদ প্রক্রিয়া বন্ধে হাইকোর্টে দায়েরকৃত রিট মামলা ( রিট মামলা নং ৮১১৯/২০২৪) এর প্রেক্ষিতে প্রাপ্ত ৩০ দিনের স্থিতাবস্থার আদেশ যথাযথভাবে মেনে চলার নির্দেশনা প্রদান করেছেন এবং একইসাথে আগামীকাল ১১ জুলাই ২০২৪ এ মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে।

উল্লেখ্য, ১১ জুন ২০২৪ তারিখ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন মিরনজিলা হরিজন কলোনিবাসীদের উচ্ছেদ শুরু করেন এবং বসবাসরত ১৬ টি পরিবারের ঘরবাড়ি কোনরূপ নিরাপত্তা ও বিকল্প আশ্রয়ের ব্যবস্থা না করেই গুড়িয়ে দেয়া হয়। এ অবৈধ উচ্ছেদ প্রক্রিয়াকে চ্যালেঞ্জ করে গত ১৩ জুন ২০২৪ তারিখ হাইকোর্টের ০৩ জন আইনজীবী যথাক্রমে এডভোকেট মনোজ কুমার ভৌমিক, এডভোকেট উৎপল বিশ্বাস ও এডভোকেট আইনুল্লাহর সিদ্ধিকা হাইকোর্টে একটি রিট মামলা দায়ের করেন। এ আবেদনের শুনানি শেষে হাইকোর্ট বেঞ্চ অবৈধ উচ্ছেদ প্রক্রিয়ার উপর ৩০ দিনের স্থিতাবস্থা এর আদেশ প্রদান করেন। একইসাথে, ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের অস্থায়ী আবাসের ব্যবস্থা করার জন্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রতি অন্তর্বর্তিকালীন আদেশ দেন।

কিন্তু ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের অস্থায়ী আবাসের কোনরূপ ব্যবস্থা না করেই উক্ত ৩০ দিনের স্থিতাবস্থার আদেশের বিরুদ্ধে আপীল আবেদনের অনুমতি চেয়ে আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল দায়ের করেন। চেম্বার বেঞ্চ এ আবেদনের প্রেক্ষিতে কোন আদেশ প্রদান না করে; মামলাটি পূর্নাঙ্গ বেঞ্চে শুনানির জন্যে ৪ জুলাই ধার্য করেন। কিন্তু মামলাটি নির্ধারিত তারিখে শুনানি না হয়ে আগামি ১১ জুলাই ধার্য করা হয়।

ইতোমধ্যে হাইকোর্টের স্থিতাবস্থার আদেশ এবং আপীল বিভাগের মামলাটি শুনানি অপেক্ষমান থাকা সত্ত্বেও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ১০ ও ১১ জুলাই উচ্ছেদ প্রক্রিয়া পরিচালনা এবং পুলিশ ফোর্স মোতায়েন বিষয়ে অতিরিক্ত সচিব, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশকে একটি নতুন আদেশ প্রদান করেন।

এর প্রেক্ষিতে আজ ১০ জুলাই আবেদনকারীদের আইনজীবীদগণ উচ্ছেদ প্রক্রিয়ার উপর নিষেধাজ্ঞা চেয়ে জরুরী ভিত্তিতে বিষয়টি আপীল বিভাগের নজরে আনেন। পরবর্তীতে আদালত আজ বেলা ১ টায়

বিষয়টি শুনানি শেষে উচ্ছেদ প্রক্রিয়ার উপর স্থিতাবস্থা বজায় রাখার আদেশ প্রদান করেন। এ আদেশটি মৌখিক ভাবে নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মনিরুজ্জামান কে অবগত করা হয়েছে।

প্রয়োজনে যোগাযোগ করুন

কমিউনিকেশন বিভাগ, ব্লাস্ট

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন: [communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)